



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর
sadar.lakshmipur.gov.bd



স্মারক নং-০৫.৪২.৫১৪৩.০০১.১৮.০০১.২০২৩-৯৩৮

তারিখঃ ২০ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৪ জুলাই ২০২৩খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরী করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ে ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। প্রতিযোগিতাটি ০৩টি গ্রুপে (ক. প্রাথমিক ও সমপর্যায়, খ. মাধ্যমিক ও সমপর্যায়, গ. উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় তদুর্ধ্ব) অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতার নিয়মাবলী

০১. ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেনড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সদর, লক্ষ্মীপুর এর নিকট **আগামী ১২ জুলাই ২০২৩** তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ডাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে। ই-মেইল- **unosadarlakshmipur@gmail.com** অথবা **ict.sadar.lakshmipur@gmail.com**
০২. ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে।
০৩. মোবাইল ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) কতে হবে।
০৪. ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে।
০৫. ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে।
০৬. ভিডিওতে বক্তব্য স্পষ্ট করতে হবে।
০৭. কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে।
০৮. ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে।
০৯. ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোন থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়।
১০. ভিডিও'র মধ্যে প্রতিযোগির নাম, শ্রেণি প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে এবং
১১. ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর: ০১৭৮৮৫৭৭৯১০ (উপজেলা নির্বাহী অফিসার) ও ০১৬৭৫-০৮৬১৫৮ (সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর)।

অনুরোধক্রমে

(আরিফুর রহমান)

উপজেলা নির্বাহী অফিসার
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর
ফোন নং-০২৩৩৪৪৪১০০৪

ই-মেইল: unolaxmipur@mopa.gov.bd

বিতরণ:

০১. উপজেলা শিক্ষা অফিসার, সদর, লক্ষ্মীপুর।
০২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, লক্ষ্মীপুর।
০৩.প্রতিষ্ঠান প্রধানগণ, সদর, লক্ষ্মীপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
২. অফিস কপি।